“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
(প্রশাসন শাখা)
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৪২.০০২.২০-৩০৩

তারিখ: ০৫ পৌষ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০৬০.০১১.১৫-১৬৮; তারিখ: ১৬/১১/২০২০ খ্রি. এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | ০১/১২/২০২০ খ্রিস্টাব্দ তারিখে বয়স | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | প্রশাসনিক কর্মকর্তা ১০২০০-২৪৬৮০/- (গ্রেড নং-১৪) | ০১ (এক) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২ | ব্যক্তিগত সহকারী ১০২০০-২৪৬৮০/- (গ্রেড নং-১৪) | ০৩ (তিন) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; অথবা কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২৩ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ |
| ৩ | স্টোর কিপার ১০২০০-২৪৬৮০/- (গ্রেড নং-১৪) | ০১ (এক) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড নং-১৬) | ০২ (দুই) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৫ | ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- (গ্রেড নং-১৬) | ০১ (এক) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড নং-১৬) | ০১ (এক) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭ | হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/- (গ্রেড নং-১৬) | ০১ (এক) | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬.২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং-শিম/শা:১১/ ৫-১(অংশ) /৫৮২ ও শিম /শ:১১/১৯-১/ ২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে সমমানে নির্ধারিত হবে:

| এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে | |
|---|---|
| জিপিএ | বিভাগ |
| ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

| অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে | | |
|---|---|---|
| সিজিপিএ (৪.০০ পয়েন্ট স্কেল) | সিজিপিএ (৫.০০ পয়েন্ট স্কেল) | বিভাগ/শ্রেণি |
| ৩.০০ বা তদুর্ধ্ব | ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি /বিভাগ |
| ২.২৫ থেকে ৩.০০ এর কম | ২.৮১৩ থেকে ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি /বিভাগ |
| ১.৬৫ থেকে ২.২৫ এর কম | ২.০৬৩ থেকে ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি /বিভাগ |

৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুযায়ী এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

৪। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) **০১/১২/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪নং কলামের বয়সসীমা অনুযায়ী হতে হবে।** তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র বা কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র বা কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিড গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক দরখাস্ত করতে হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঘ) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(চ) এ নিয়োগ প্রক্রিয়ায় প্রযোজ্য সকল ধরণের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ছ) কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(জ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে সংশ্লিষ্ট নিম্নোক্ত সনদ/কাগজপত্রের মুলকপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক আবেদনের সাথে সংশ্লিষ্ট সনদ/কাগজপত্রের সত্যায়িত ১(এক) সেট্ কপি দাখিল করতে হবে, অন্যথায় প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে:

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যার পুত্র/কন্যার চাকুরি প্রার্থীকে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর মূলকপি।

(ঘ) মুজিবনগর কর্মচারীদের সন্তান হিসেবে চাকুরি প্রার্থীকে পিতা/মাতার মুজিবনগর কর্মচারী হিসেবে চাকুরির নিয়োগ পত্র এবং প্রামাণিক কাগজপত্রের মূলকপি।

(ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি।

(চ) এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ (সনদ প্রদানকারীর পদমর্যাদা কমপক্ষে উপপরিচালক/জেলা এ্যাডজুটেন্ট পর্যায়ে হতে হবে) এর মূলকপি।

(ছ) প্রার্থীর নিজ জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের মূলকপি। **প্রার্থীর নাগরিকত্ব সনদ অন্য কোন জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত হলে তা বাতিল বলে গণ্য হবে।**

(জ) চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

(ঝ) জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর মূলকপি।

(ঞ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬। কোনো পদে নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল নাগরিক না হন।

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

৭। ঘোষনা (Declaration): প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহন করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা/নিয়োগ বাতিল এবং ভবিষ্যতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dme.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**I. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৭/১২/২০২০ খ্রিস্টাব্দ, সকাল: ৯.০০ ঘটিকা।**

**II. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/০১/২০২১ খ্রিস্টাব্দ, বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে শর্ট মেসেজ সার্ভিস (এসএমএস) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।**

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থীর রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB।

(গ) Online এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু নিয়োগের পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই **পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। "অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ক্রটি অথবা নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।"**

(ঘ) প্রার্থী Online-পূরণকৃত আবেদনপত্রের রঙ্গীন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরনের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ (Application Preview)দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীর একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s কপি পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী download পূর্বক রঙ্গীন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো টাকা) মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, **"Onlineএ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS**: DME>space>User ID লিখে Send করতে হবে 16222 তে।
Example: DME ABCDEF
*Reply:* Applicant`s Name, TK112/- will be charged as application fee. Your PIN is xxxxxxx. To pay fee Type DME<space>Yes<space>PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS**: DME>space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 তে।
Example: DME YES xxxxxxx
Reply: Congratulations Applicant`s Name, payment completed successfully for DME Application for (...post name). User ID is (ABCDEF) and Password (xxxxxx).

**(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dme.teletalk.com.bd এই ওয়েবসাইটে বা www.dme.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) SMS প্রেরিত ID User এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ-নিজ ID User এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে DME>space>Help>User ID & Send to 16222.
Example: DME Help ABCDEF & Send to 16222.
II. PIN Number জানা থাকলে DME>space>Help>space>Pin No & Send to 16222.
Example: DME Help 12345678 Send to 16222.

৯। পাসওয়ার্ড ভুলে গেলে বা হারিয়ে গেলেঃ মোবাইল ম্যাসেজ অপশনে গিয়ে টাইপ করুন DME<space>Help<space>SSC Board<space>SSC Roll<space>SSC Year and send to 16222.

১০। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের www.dme.gov.bd এবং টেলিটকের http://dme.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদন করতে কোনরূপ সমস্যা হলে যে কোন টেলিটক কাস্টমার কেয়ার সেন্টারে যোগাযোগ অথবা যে কোন টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ ফোন অথবা ০১৫০০১২১১২১, email: dg@dme.gov.bd অথবা vas.query@teletalk.com.bd এই-মেইল করা যেতে পারে।

20/12/2020

(মোহাম্মদ আবু নঈম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য-সচিব
'১৪তম ও ১৬তম গ্রেডভুক্ত কর্মচারী
নিয়োগের লক্ষ্যে বাছাই/নির্বাচন কমিটি'
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর